# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং- বিবিধ/ ১৫৩৮ তারিখঃ ০৫/১২/১৭

**বিষয়ঃ আগামী ১৬ ই ডিসেম্বর ২০১৭ইং তারিখে কুচকাওয়াজ অনুষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করণ প্রসঙ্গে।**

আগমী ১৬ই ডিসেম্বর ২০১৭ ইং তারিখে দেশের সকল জেলা ও উপজেলা সদরে অনুষ্ঠেয় কুচকাওয়াজ অনুষ্ঠানে স্কুল-কলেজ এর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহের অধ্যক্ষ/ প্রধান শিক্ষকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ** শিক্ষা মন্ত্রণালয় এর আদেশকৃত ০৩(তিন) পৃষ্ঠা।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৫/১২/২০১৭

প্রফেসর ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

মহান বিজয় দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের কর্মসূচিসমূহ সুচারুরূপে সম্পন্ন করার লক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবিরণী

সভাপতি : মোঃ মহিউদ্দীন খান
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
সচিবের রুটিন দায়িত্বে
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
তারিখ : ০৭ নভেম্বর, ২০১৭
সময় : সকাল ১০.৩০ মিনিট
স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-১৮১৫)

**উপস্থিতি তালিকা :** সংযুক্ত

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরের মতো এবারেও মহান বিজয় দিবস ২০১৭ যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করবে। জাতীয় কর্মসূচির আলোকে মহান বিজয় দিবস ২০১৭ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের জন্য আজকের এ সভা। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) দিবসটি পালনের প্রেক্ষাপট আলোচনা করেন। অতঃপর তিনি উপসচিব সমন্বয়-কে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি সভাকে অবহিত করার অনুরোধ জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | শিক্ষা মন্ত্রণালয় সম্ভাব্য সিদ্ধান্ত-কর্মসূচি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | ক) মহান বিজয় দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতীয় কর্মসূচির আলোকে ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন।<br><br>খ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। | • মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর-সরকারি-বেসরকারি ও স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে;<br>• মন্ত্রণালয়াধীন অধিদপ্তর-সংস্থা-দপ্তরসমূহ তাদের অধিক্ষেত্রাধীন সকল প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানকে এ কর্মসূচির বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে; | চেয়ারম্যান ইউ.জি.সি., অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, উন্নয়ন, বিশ্ববিদ্যালয়, কলেজ, মাধ্যমিক সরকারি, বেসরকারি), যুগ্ম সচিব (প্রশাসন), শিক্ষা মন্ত্রণালয়াধীন অধিদপ্তর-সংস্থা-দপ্তর প্রধান (সকল) |
| ২.২ | ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ তেজগাঁও পুরাতন বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে অনুষ্ঠেয় যান্ত্রিক বহর প্রদর্শনীতে এ মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম | • শিক্ষা মন্ত্রণালয়ের অর্জনসম্বলিত ডিসপ্লেগুলো আরো সুস্পষ্ট এবং আকর্ষণীয় করার লক্ষে ডিসপ্লেবোর্ডগুলোর Color Combination-এ পরিবর্তন আনতে | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), যুগ্মসচিব (প্রশাসন), ডি.জি., মা.উ.শি. |

| | | | |
|---|---|---|---|
| | আকর্ষণীয়ভাবে তুলে ধরতে একটি ট্রাক সু-সজ্জিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>সভাপতি বলেন, দিবসটি পালন উপলক্ষে গৃহীত কার্যক্রমগুলোর মধ্যে এটি আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এ কর্মসূচির মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের অর্জনগুলো জনসমক্ষে তুলে ধরা হয়। তাই অত্যন্ত সতর্কতা ও গুরুত্বের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের ট্রাক সুসজ্জিতকরণের কাজটি সম্পন্ন করতে হবে। সভায় সকলে একমত পোষণ করেন যে, শিক্ষা মন্ত্রণালয়ের অর্জনসম্বলিত ডিসপ্লেগুলো আরো সুস্পষ্ট এবং আকর্ষণীয় করার লক্ষে ডিসপ্লেবোর্ডগুলোর Color Combination-এ পরিবর্তন আনতে হবে। একই সাথে অর্জনের বর্ণনা সংক্ষিপ্ত করা হলে তা শ্রুতি নন্দন ও পাঠযোগ্য করতে হবে ।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে এ কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের চাহিদার পরিপ্রেক্ষিতে যুগ্ম-সচিব (উন্নয়ন), জনাব মাহমুদুল ইসলাম-কে ফোকাল পয়েন্ট মনোনয়ন করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আহ্বায়ক করে একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তার প্রশিক্ষণকালীন সময়ে যুগ্মসচিব মাধ্যমিক আহ্বায়কের দায়িত্বের বিষয়ে আলোচনা হয়।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, ট্রাক সুসজ্জিতকরণ কমিটি অদ্যকার সভার মতামত ও পর্যবেক্ষণের আলোকে আগামী ১০ (দশ) দিনের মধ্যে তাদের উপস্থাপনা প্রস্তুত করে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের সম্মতি গ্রহণ করবে।<br>এ ছাড়া, বোর্ডগুলোর মধ্যে সমন্বয় করে এ সংক্রান্ত ব্যয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি আন্তঃবোর্ড সমন্বয় সাব-কমিটি সরাসরি পরিশোধ করবেন এবং শিক্ষা | হবে। একই সাথে অর্জনের বর্ণনা শ্রুতি নন্দন ও পাঠযোগ্য করতে সংক্ষিপ্ত করতে হবে;<br><br>• ট্রাক সুসজ্জিতকরণ কমিটি অদ্যকার সভার মতামত ও পর্যবেক্ষণের আলোকে আগামী ১০ (দশ) দিনের মধ্যে তাদের উপস্থাপনা প্রস্তুত করে মাননীয় মন্ত্রী ও সচিবের সম্মতি গ্রহণ করবে;<br><br>• বোর্ডগুলোর মধ্যে সমন্বয় করে ট্রাক সুসজ্জিতকরণ সংক্রান্ত ব্যয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি আন্তঃবোর্ড সমন্বয় সাব-কমিটি সরাসরি পরিশোধ করবেন এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কারিগরি সহায়তা প্রদান করবে;<br><br>• ফোকাল পয়েন্ট কর্মকর্তার প্রশিক্ষণকালীন সময়ে জনাব মোহাম্মদ জয়নুল বারী যুগ্মসচিব (সরকারি মাধ্যমিক) আহ্বায়কের দায়িত্ব পালন করবেন;<br><br>• মহান বিজয় দিবস-২০১৭ উদ্‌যাপন উপলক্ষে জাতীয় প্যারেড স্কয়ারে ট্রাক সুসজ্জিতকরণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়নমূলক কর্মকান্ড আকর্ষণীয়ভাবে তুলে ধরার জন্য বিষয়বস্তু নির্ধারণ ও উন্নয়নমূলক কর্মকান্ডের বাংলা ও ইংরেজি ধারাভাষ্য প্রস্তুতসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:<br><br>১. জনাব মাহমুদুল ইসলাম, যুগ্মসচিব (উন্নয়ন), আহ্বায়ক [জনাব মাহমুদুল ইসলাম, যুগ্মসচিব (উন্নয়ন), প্রশিক্ষণের জন্য সরকারি সফরে দেশের বাহিরে থাকায় জনাব মোহাম্মদ জয়নুল বারী যুগ্মসচিব (সরকারি মাধ্যমিক) আহ্বায়কের দায়িত্ব পালন করিবেন]।<br><br>২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর প্রতিনিধি (পরিচালকের নীচে নয়)- (সদস্য); | অধিদপ্তর, নায়েম-আ.মা.ই., চেয়ারম্যান, এন.টি.আর.সি.এ., এন.সি.টি.বি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |

১০ জরুরী
নোটিশ তৈরী করে
ওয়েবসাইটে প্রকাশের জন্য।

| | | | |
|---|---|---|---|
| | প্রকৌশল অধিদপ্তর কারিগরি সহায়তা প্রদান করবে। ট্রাক সুসজ্জিতকরণ কমিটি সুসজ্জিতকরণের বিষয়টি নিশ্চিত করবেন। | ৩. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি-এর প্রতিনিধি (পরিচালকের নীচে নয়), নায়েম, ঢাকা-(সদস্য)<br><br>৪. পরিচালক, ব্যানবেইস-এর প্রতিনিধি, পলাশী, নীলক্ষেত, ঢাকা -(সদস্য)<br><br>৫. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর প্রতিনিধি, মতিঝিল, ঢাকা -(সদস্য)<br><br>৬. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর-এর প্রতিনিধি, -(সদস্য)<br><br>৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড-এর প্রতিনিধি, ঢাকা -(সদস্য)<br><br>৮. জনাব মো: শামসুল আলম, সহকারি সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা- (সদস্য সচিব)<br><br>বর্ণিত কমিটি যাবতীয় কার্যক্রম মাননীয় মন্ত্রী ও সচিবের অনুমোদনক্রমে সম্পাদন করবেন। | |
| ২.৩ | দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কারারক্ষী, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, বাংলাদেশ স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড এবং শিশু-কিশোর সংগঠন (যেখানে সম্ভব) কর্তৃক বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠান। | • ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে অনুষ্ঠেয় কুচকাওয়াজ অনুষ্ঠানে স্কুল-কলেজ ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অধিদপ্তর-সংস্থা-দপ্তরসমূহ তাদের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (মাধ্যমিক সরকারি, বেসরকারি, কলেজ), মহাপরিচালক, মা.উ.শি. অধিদপ্তর-চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এবং সভাপতি, আন্ত-শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি |
| ২.৪ | ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়ানুষ্ঠান, টি-টুয়েন্টি ক্রিকেট টুর্ণামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার | • মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর তাদের অধিক্ষেত্রাধীন সরকারি-বেসরকারি স্কুল-কলেজে ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়ানুষ্ঠান, টি-টুয়েন্টি | অতিরিক্ত সচিব (মাধ্যমিক সরকারি, বেসরকারি, কলেজ), মহাপরিচালক, মা.উ.শি. অধিদপ্তর- |

| | | | |
|---|---|---|---|
| | আয়োজন করার বিষয়টি সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় সকলে মত দেন যে, এ মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর তাদের অধিক্ষেত্রাধীন সরকারি-বেসরকারি স্কুল-কলেজে বর্ণিত সকল আয়োজন সু-সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে | ক্রিকেট টুর্ণামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন করার জন্য সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করবে। | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এবং সভাপতি, আন্ত-শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি |
| ২.৫ | জাতীয় কর্মসূচির আলোকে জাতীয় পর্যায়ে রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন (১৬-৩১ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে)। | • মহান বিজয় দিবস ২০১৭ উপলক্ষে জাতীয় পর্যায়ে রচনা, ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের কার্যক্রম গ্রহণপূর্বক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের সম্পৃক্ত করে ডিসেম্বর, ২০১৭ মাসের মধ্যে এ কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষে অতিরিক্ত সচিব (মাধ্যমিক সরকারি)-কে আহ্বায়ক, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, এবং উপসচিব (অধিশাখা-১০)-কে সদস্য সচিব করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়;<br><br>• এ আয়োজনের যাবতীয় ব্যয় মহাপরিচালক, মা.উ.শি. অধিদপ্তর নির্বাহ করবেন;<br><br>• এ ছাড়া, ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ হতে ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মা.উ.শি. অধিদপ্তর-কে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়;<br><br>• সকল সরকারি, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে এটি নিশ্চিত করতে কার্যক্রম গ্রহণের জন্য চেয়ারম্যান, ই.উ.জি.সি.-কে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউ.জি.সি. অতিরিক্ত সচিব মাধ্যমিক সরকারি, কলেজ), মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এবং সভাপতি, আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি |
| ২.৬ | (ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর-সংস্থা-দপ্তর সমূহকে নিয়ে কেন্দ্রীয়ভাবে আলোচনা অনুষ্ঠান ও বিগত বছরগুলোর ধারবাহিকতায় এবারেও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন করা যায়। | • মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের সাথে আলোচনাক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর-সংস্থা-দপ্তর সমূহকে নিয়ে কেন্দ্রীয়ভাবে আলোচনা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময় নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। মহাপরিচালক, মা.উ.শি. অধিদপ্তর, |

| | | | |
|---|---|---|---|
| | | হয়;<br><br>● মাননীয় মন্ত্রী, সচিব এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সাথে আলোচনাক্রমে মহাপরিচালক, মা.উ.শি. অধিদপ্তর ডিসেম্বর ২০১৭ এর মধ্যে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির তারিখ ও সময় নির্ধারণ করবেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে; | |
| ২.৭ | সকল কার্যক্রমের সার্বিক সমন্বয়ের দায়িত্ব | সকল কার্যক্রমে সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)। |

০৩. আর কোন আলোচনা না থকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪.১১.২০১৭
মোঃ মহিউদ্দীন খান
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
সচিবের রুটিন দায়িত্বে